

জাতীয় মাইক্রো ইরিগেশান মিশন (NMMI)

কর্মসূচীর নাম : ড্রিপ ইরিগেশান
সহায়তার পরিমাণ -

নং	ফসল	জমির পরিমাণ (হেঃ)	ভর্তুকীর পরিমাণ (টাকা)				
			রাজ্য পরিকল্পনা			জাতীয় মাইক্রো ইরিগেশান মিশন (NMMI)	মোট
			মূল পরিকল্পনা	অতিরিক্ত বরাদ্দ	মোট		
১	কলা	০.২০	১০০০	২৫০০	৩৫০০	৫০০০	৮৫০০
		০.৪০	২০০০	৫০০০	৭০০০	১০০০০	১৭০০০
		১.০০	৫০০০	১২৫০০	১৭৫০০	২৫০০০	৪২৫০০
২	আম	০.২০	১০০০	২৫০০	৩৫০০	৫০০০	৮৫০০
		০.৪০	২০০০	৫০০০	৭০০০	১০০০০	১৭০০০
		১.০০	৫০০০	১২৫০০	১৭৫০০	২৫০০০	৪২৫০০
৩	টমেটো/ক্যাপসিকাম	২০০ বর্গ মিঃ	১০০	২৫০	৩৫০	৫০০	৮৫০

উপরিউক্ত ফসলের জন্য স্বউদ্যোগী দল, সমবায় সমিতি, ইনকরপোরেটেড কোম্পানী, পঞ্চায়েত, এন.জি.ও, ট্রাস্ট, গ্রোয়ারস অ্যাসোসিয়েশান তাদের সদস্যের পক্ষে ভর্তুকীর আবেদন করতে পারেন(সর্বোচ্চ সহায়তা ৫ হেঃ চাষের এলাকার জন্য সীমাবদ্ধ) অথবা

যেকোন ক্ষুদ্র বা প্রান্তিক চাষী ভর্তুকীর আবেদন করতে পারেন।

আবেদনকারীর যোগ্যতা :

- ১) নিজস্ব জমি বা ১০ বছরের জন্য লিজ নেওয়া জমি থাকতে হবে।
- ২) জলের উৎস যেমন পুকুর, কুয়ো বা বোর ওয়েল এবং পাম্প (২ হর্স পাওয়ার) থাকতে হবে।

কার কাছে এবং কিভাবে আবেদন করবেন :

আবেদনকৃত ফর্মের সঙ্গে জমির নথি যেমন পরচা এবং পঞ্চায়েত আর.ও.আর এবং লিজ ডকুমেন্ট কপি জমা করতে হবে। আবেদন কৃতফর্ম পাঠাতে হবে উপ উদ্যান অধিকর্তার কাছে, গ্রাম সেবক, সেক্টর অফিসার এবং কৃষি তত্ত্বাবধায়কের মাধ্যমে। আবেদন পত্রে গ্রাম প্রধান বা চেয়ারম্যান, ডি.ডি.সির সুপারিস থাকতে হবে। আবেদন পত্রে অনুমোদিত কোম্পানীর মধ্য থেকে কৃষকের পছন্দের কোম্পানীর নাম উল্লেখ করতে হবে। আবেদনের নির্ধারিত ফর্ম কৃষি তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে।

অনুমোদিত ড্রিপ ইরিগেশান কোম্পানী এবং বিভিন্ন ফসলের জন্য ড্রিপ ইরিগেশান বসানোর খরচ :

ক্রমিক নং	ফসল	এলাকা (হেঃ)	জৈন ইরিগেশান সিস্টেম লিঃ	নেটোফর্ম ইরিগেশান ইন্ডিয়া প্রাইভেট লিঃ
১	কলা	০.২০	২৩৯৯৮ টাকা	৩৬০৬৪ টাকা
		০.৪০	৩৭৩৬৭ টাকা	৫৫৩৫৯ টাকা
		১.০০	৬৮১৯৯ টাকা	১০০৬৭৭ টাকা
২	আম	০.২০	২১৪৩৫ টাকা	২৯৬০৯ টাকা
		০.৪০	৩৪৩৪৫ টাকা	৪২১৪৯ টাকা
		১.০০	৮৮৬৫০ টাকা	৭৭৫৮১ টাকা
৩	টমেটো/ ক্যাপসিকাম	২০০ বর্গ মিঃ	৯১৯৪ টাকা	৪৫৯৯৮ টাকা

জেলা উদ্যানবিদের নিকট থেকে অনুমোদন পত্র পাওয়ার পর কৃষক নিজের পছন্দ অনুযায়ী অনুমোদিত কোম্পানীর কোন একটির মাধ্যমে কাজ করিয়ে নিয়ে বিল জমা দেবেন ঠিক একই পদ্ধতিতে যেভাবে আবেদন পত্র জমা করেছিলেন। কাজ অবশ্যই কৃষি দপ্তরের প্রতিনিধির উপস্থিতিতে করাতে হবে।

কোম্পানীতে যোগাযোগের স্থানীয় ঠিকানা :

জৈন ইরিগেশান সিস্টেম লিমিটেড
আরোহী কৃষি উদ্যোগ, হরিগঙ্গা বসাক রোড
কামান চৌমুহনী, আগরতলা - ৭৯৯০০১

নেটাফেম ইরিগেশান ইন্ডিয়া লিমিটেড
ভট্টাচার্যি এন্টারপ্রাইজ, প্রভাত মার্কেট
সূর্য চৌমুহনী, আগরতলা - ৭৯৯০০১

বিশদ জানার জন্য নিকস্থ কৃষি বা উদ্যান কার্যালয়ে যোগাযোগ করুন।